

الْمُغْنَى

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৮৯ তম নাম 'الْمُغْنَى' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الْمُغْنَى' শব্দের মূল غ - ن - ی , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৭৩ বার এসেছে। অভাবমুক্ত করবেন, ধনীর স্রষ্টা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُغْنَى অর্থ: 'তিনি অভাবমুক্ত করেন, তিনি তোমাদের অভাবমুক্ত করবেন, তিনি ধনীর স্রষ্টা'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

يَأْيُهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْمُشْرِكُونَ نَجَسٌ فَلَا يَقْرَبُوا الْمَسْجِدَ الْحَرَامَ بَعْدَ عَامِهِمْ هَذَا
وَإِنْ خِفْتُمْ عَيْلَةً فَسَوْفَ يُغْنِيكُمُ اللَّهُ مِنْ فَضْلِهِ إِنْ شَاءَ إِنَّ اللَّهَ عَلِيمٌ حَكِيمٌ ﴿٢٨﴾

হে ঈমানদার লোকেরা, মুশরিকরা অপবিত্র। সুতরাং এবারের পর তারা যেনো আর মসজিদুল হারামের কাছেও না আসে। তোমরা যদি দারিদ্র্যের আশঙ্কা করো, তবে আল্লাহ চাইলে তার নিজ অনুগ্রহে তোমাদের অভাবমুক্ত করে দেবেন। নিশ্চয়ই আল্লাহ সর্বজ্ঞানী, বিজ্ঞানময়। (সূরা আত তাওবা: আয়াত নং ২৮)

মুসলিম শরীফের হাদীস:

সম্পদ জমা করার জন্য, কেউ যদি ভিক্ষাবৃত্তি গ্রহণ করে, সে যেনো জ্বলন্ত অঙ্গার কামনা করলো। অতএব সে অল্প অথবা বেশি কামনা করুক।

মুসলিম শরীফের হাদীস:

তিন অবস্থায় অন্যের কাছে সাহায্য চাওয়া যেতে পারে- ১। দেনা পরিশোধের জন্য। ২। প্রাকৃতিক দুর্যোগে সম্পদ বিনষ্ট হয়ে গেলে। ৩। যে দারিদ্র্যে নিমজ্জিত হয়েছে। এসমস্ত ক্ষেত্রেও বিশ্বস্ত তিনজন ব্যক্তি তার অবস্থা সম্পর্কে সাক্ষ্যদান করবে।

মহান আল্লাহই আমাদেরকে অভাবমুক্ত করবেন। অমূলক দারিদ্র্যের আশঙ্কা করা ঠিক নয়। ধনীদেব এবং অবস্থাসম্পন্নদের উচিত অভাবী ও দারিদ্র্যের সাহায্যে হাত বাড়িয়ে দেয়া। যাকাত (ফরজ ইবাদত), সাদাকা

(নফল ইবাদত), নাফাকা (আল্লাহর পথে ও মানুষের কল্যাণে ব্যয় করা) সম্পর্কে কোরআনে অসংখ্য আয়াত রয়েছে এবং প্রচুর সহীহ হাদিস রয়েছে। আসুন, আমরা এগুলো আমল করি। আল্লাহ আমাদের শিরক মুক্ত আমল করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।